# অপরাধ দমন ও নিয়ন্ত্রণকল্পে সিলেট মেট্রোপলিটন পুলিশের সেবামূলক কার্যক্রম

**(১) ওপেন হাউজ ডে ঃ**

এসএমপি, সিলেটর আওতাধীন ০৬ (ছয়) টি থানায় প্রতি মাসে ০১ (এক) দিন ওপেন হাউজ ডে অনুষ্ঠিত হয়। ওপেন হাউজ ডে তে থানা এলাকার সর্বস্তরের লোকজন তথা জনপ্রতিনিধি, পেশাজীবী, সাংবাদিক, সাধারণ জনগণসহ থানায় কর্মরত সকল অফিসার, ফোর্স এবং সেখানে এসএমপি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত থাকেন। ওপেন হাউজ ডে তে জনগণের সাথে পুলিশের কার্যক্রম নিয়ে খোলামেলা আলোচনা করা হয় এবং অপরাধ দমন, নিবারণ ও আইন শৃঙ্খলা উন্নয়নে তাদের মতামত গ্রহণ করা হয়।

**(২) কমিউনিটি পুলিশিংঃ**

এসএমপি'র প্রতিটি থানায় কমিউনিটি পুলিশিং এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। ছয়টি থানা কমিটি, ২০ টি ইউনিয়ন কমিটি, ১৮০ টি ওয়ার্ড (ইউনিয়ন) কমিটি এবং ২৭ টি সিটি করপোরেশন ওয়ার্ড কমিটি দ্বারা কমিউনিটি পুলিশিং কার্যক্রম পরিচালিত হচ্ছে। কমিউনিটি পুলিশিং এর মাধ্যমে প্রতিটি এলাকায় অপরাধ দমনে বিভিন্ন সভা সেমিনার করে এলাকাবাসীর সহযেগিতায় অপরাধ দমনে অগ্রণী ভূমিকা পালন করা হচ্ছে।

**(৩) বিট পুলিশিংঃ**

এসএমপি সিলেটের ছয়টি থানাকে মোট ৬৭ টি বিটে ভাগ করে বিট পুলিশিং এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রতিটি বিটের জন্য একজন করে এসআই ও একজন করে এএসআই নিয়োগ করা হয়েছে। বিটের এলাকার জনসাধারণের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে বিট অফিসার এলাকার খোঁজ খবর রাখেন এবং বিভিন্ন তথ্য সংগ্রহ করেন। বিট পুলিশিং এর মাধমে অপরাধ দমন অপরাধী সনাক্তকরণ সহজ হয়েছে এবং সাধারণ জনগণ উন্নত সেবা পাচ্ছে।

**(৪) ট্রাফিক ব্যবস্থাপনা ঃ**

এসএমপি সিলেটের আওতাধীন শহর ও  শহরের বাহিরে ট্রাফিক ব্যবস্থা সচল রাখতে নিয়মিত ট্রাফিক পুলিশ নিরলস পরিশ্রম করে যাচ্ছে। শহরের প্রতিটি রাস্তায় ডিভাইডার স্থাপন করে জন দূর্ভোগ কমানো হয়েছে। গুরুত্বপূর্ণ পয়েন্টে অতিরিক্ত ট্রাফিক পুলিশ মোতায়ন করে সেবার মান বৃদ্ধি করা হয়েছে।

**(৫) সিসি ক্যামেরা স্থাপন ঃ**

সিলেট মেট্রোপলিটন এলাকার গুরুত্বপূর্ণ স্থানে সর্বমোট ৩৭টি সিসি ক্যামেরা স্থাপন করে সার্বক্ষনিক নজরদারির জন্য কোতোয়ালি মডেল থানায় কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। সিলেট সিটি কর্পোরেশনের সহায়তায় সমস্ত শহরকে সিসি ক্যামেরার আওতায় আনার কার্যক্রম প্রক্রিয়াধীন।

**(৬) পাসপোর্ট ভেরিফিকেশন ঃ**

সিলেট মহানগরবাসীদের পাসপোর্ট এর ভেরিফিকেশন প্রদানের সুবিধার জন্য এসএমপি সদর দপ্তরে নগর বিশেষ শাখায় ওয়ান স্টপ সার্ভিস চালু করা হয়েছে। যার মাধ্যমে সাধারণ জনগণ সহজে পাসপোর্ট ভেরিফিকেশন সেবা পেতে পারে।

**(৭) অনলাইন পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট সেবা ঃ**

প্রবাসী এবং বিদেশ গমনেচ্ছুদের পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট সেবাটি অনলাইনে চালু করা হয়েছে। মহানগরবাসী অনলাইনে (http://pcc.police.gov.bd) যে কোন স্থান থেকে উক্ত সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারছেন। গত ০১/০১/২০১৭খ্রি. তারিখ হতে সিলেট মেট্রোপলিটন পুলিশে অনলাইন পুলিশ ক্লিয়ারেন্স সেবাটি চালু হয়। এ যাবৎ পর্যন্ত ৩৯৯৪টি পুলিশ ক্লিয়ারেন্স এর আবেদনের প্রেক্ষিতে ৩৫২৯টি ক্লিয়ারেন্স সরবরাহ করা হয়। বাকি ২৯৭টি পুলিশ ক্লিয়ারেন্স বিপক্ষে প্রদান করা হয়।

**(৮) প্রবাসী কল্যাণ ডেস্ক ঃ**

প্রবাসী বাংলাদেশীদের বিভিন্ন সমস্যা সমাধানকল্পে সিলেট মেট্রোপলিটন পুলিশ প্রবাসী কল্যাণ ডেস্ক চালু করেছে এবং এই ডেস্কের মাধ্যমে প্রবাসীদের সুযোগ-সুবিধা, অভিযোগ অত্যন্ত গুরুত্ব সহাকারে দেখা হয় এবং প্রবাসীদের বিভিন্ন সমস্যার সমাধান করা হচ্ছে ।

**(৯) বিডি পুলিশ হেল্প লাইন ঃ**

বিডি পুলিশ হেল্প লাইন নামক এ্যাপ্‌সটির মাধ্যমে বাংলাদেশের যে কোন নাগরিক পুলিশের সেবা পেতে বা কোন বিষয়ে কোন অভিযোগ জানাতে এমনকি কোন অপরাধী সম্পর্কে নিজের পরিচয় গোপন রেখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তথ্য প্রদান করতে পারেন।

**(১০) ব্যাংকের টাকা এস্কর্ট ঃ**

বিভিন্ন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা ব্যক্তি পর্যায়ের এক স্থান হতে অন্য স্থানে দুই লক্ষ বা তার অধিক টাকা নিয়ে নিরাপদ গন্তব্য স্থানে পৌছানোর জন্য প্রত্যেক থানার অফিসার সহযোগিতা প্রদান করছে।

**(১১) ভিকটিম সাপোর্ট সেন্টারঃ**

সিলেট মেট্রোপলিটন পুলিশে কোতোয়ালি মডেল থানায় স্থাপিত ভিকটিম সাপোর্ট সেন্টার সমাজের নিপীড়িত ও নির্যাতিত নারী, শিশুদের বিনামূল্যে আইনগত সহায়তা এবং সহযোগিতা দিয়ে যাচ্ছে।

**(১২) থানায় শিশু বান্ধব কর্মকর্তা নিয়োগঃ**

শিশু/কিশোর সংশ্লিষ্ট বিষয়গুলো শিশু আইন-২০১২ এর ১৩ ধারা অনুযায়ী শিশুবিষয়ক ডেস্ক ও ১৪ ধারা অনুযায়ী শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তার দায়িত্ব ও কার্যাবলি সংক্রান্তে সিলেট মেট্রোপলিটন পুলিশের প্রতিটি থানায় একজন শিশু বান্ধব কর্মকর্তা সেবা প্রদান করে আসছে।

**(১৩) সার্ভিস ডেলিভারী সেন্টার স্থাপন ঃ**

সিলেট মেট্রোপলিটন এলাকার প্রতিটি থানায় একজন করে সার্ভিস ডেলিভারী অফিসার নিয়োগ করা হয়েছে। ফলশ্রুতিতে জনগণ সহজেই পুলিশি সেবা পাচ্ছে।

**(১৪) ওমেন সাপোর্ট ডেস্ক ঃ**

সিলেট মেট্রোপলিটন পুলিশের উত্তর এবং দক্ষিণ বিভাগে নির্যাতিত নারীদের অভিযোগ গ্রহণ ও আইনানুগভাবে সমাধানের জন্য ওমেন সাপোর্ট ডেস্ক সেবা প্রদান করছে।

**(১৫) তথ্য অফিসার নিয়োগ ঃ**

সিলেট মেট্রোপলিটন পুলিশের ০৬ (ছয়) টি বিভাগ যথা ঃ ১। সদর দপ্তর বিভাগ, ২। পিওএম বিভাগ, ৩। ডিবি ও প্রসিকিউশন বিভাগ, ৪। দক্ষিণ বিভাগ, ৫। উত্তর বিভাগ এবং ৬। ট্রাফিক বিভাগে গত ০৮/০৬/২০১৭খিঃ তথ্য অধিকার আইন-২০০৯ এর ১০(১) ধারা মোতাবেক স্ব-স্ব দপ্তরের জন্য দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তথ্য অফিসারের দায়িত্ব হলো সিলেট মেট্রোপলিটন পুলিশ তার গৃহীত সিদ্ধান্ত, কার্যক্রম, কিংবা সম্পাদিত বা প্রস্তাবিত কর্মকান্ডের সকল তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য রূপে প্রকাশ ও প্রচার করবে।

**(১৬) সেবামূলক ডিসপ্লে বোর্ড/ফলক ঃ**

সিলেট মেট্রোপলিটন পুলিশের উত্তর এবং দক্ষিণ বিভাগের প্রত্যেক থানায় ০১টি করে সেবামূলক ডিসপ্লে সার্ভিস ডেলিভারী কর্মকর্তার সামনে স্থাপন করা হয়েছে। থানায় আগত সেবা প্রত্যাশী/সেবা গ্রহীতা থানার সেবা সর্ম্পকে যে কোন অভিমত/মতামত এমনকি অভিযোগ উর্ধ্বতন কর্মকর্তাগণকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**(১৭) জাতীয় জরুরি সেবা-৯৯৯ ঃ**

গত ১১ ডিসেম্বর/২০১৭খ্রি. তারিখে সরকার জাতীয় জরুরি সেবা ৯৯৯ চালু করে। জরুরি প্রয়োজনে পুলিশ, ফায়ার সার্ভিস এবং এ্যাম্বুলেন্স সেবা মানুষের দোড়গোঁড়ায় পৌঁছে দেয়ার জন্য এই সেবার যাত্রা শুরু হয়।